FEB. 19 2002

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৩ ...

FEB. 18 2002



# শ্রেষ্ঠ অধ্যক্ষ হিসেবে জিতেন্দ্র লাল বড়ুয়ার স্বর্ণপদক লাভ

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সাবেক পরিচালক, নরসিংদী সরকারি কলেজের বর্তমান অধ্যক্ষ প্রফেসর জিতেন্দ্র লাল বড়ুয়াকে ২০০২ সালের জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় সমগ্র বাংলাদেশের কলেজ অধ্যক্ষদের মধ্যে শ্রেষ্ঠ বিবেচনা করে স্বর্ণপদক প্রদান করেছেন। গত ১৪ই ফেব্রুয়ারি বিকেল ৩ ঘটিকায় ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে পুরস্কার বিতরণী সভায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া তাকে স্বর্ণপদক ও সনদপত্র অর্পণ করেন।

শিক্ষা মন্ত্রণালয় ১৯৯৫ সালেও প্রফেসর জিতেন্দ্র লাল বড়ুয়াকে নেত্রকোনা সরকারি কলেজ অধ্যক্ষের দায়িত্ব পালনকালে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ কলেজ শিক্ষক হিসেবে স্বর্ণপদক প্রদান করেছিলেন। ২০০০ সালে সরকারি হরগংগা কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালনকালে তাকে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান-প্রধান হিসেবে পুরস্কৃত করা হয়েছিল।

কৃতী শিক্ষক প্রফেসর জিতেন্দ্র লাল বড়ুয়া কক্সবাজার জেলার উখিয়া থানার রুমখা পালং গ্রামের বাসিন্দা। তিনি ১৯৭১ সালে পরক্ষভাবে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন।

প্রফেসর বড়ুয়া একজন বিশিষ্ট লেখক। তিনি সাহিত্য, ধর্ম, দর্শন, ইতিহাস ও হিসাববিজ্ঞানের ওপর লিখে থাকেন। সংবাদ বিজ্ঞপ্তি।